

১০০
১০০

27 JUL 2018
১০০

দিরাইয়ে পাবলিক পরীক্ষার ফলাফলে স্কুলের চেয়ে মাদ্রাসাগুলো এগিয়ে

দিরাই (সুনামগঞ্জ) উপজেলা সংবাদদাতা

শিক্ষার মানোন্নয়ন ও ফলাফল বিপর্যয় ঠেকানোর জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ করলেও এখন পর্যন্ত আশানুরূপ ফল পাওয়া যাচ্ছে না দিরাইয়ের বিদ্যালয়গুলোতে। প্রতি বছর ফল বিপর্যয়ের কারণে উপজেলার কুলুঙ্গারের ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মনে শিক্ষার প্রতি নেতিবাচক ধারণা জন্মতেও শুরু করেছে। অপরদিকে প্রতি বছর মাদ্রাসা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষায় উপজেলার মাদ্রাসাগুলো সুনানি কুড়িয়ে। এ বছর ২টি জিপি.এ-এসহ পততাপ্য পাসের রেকর্ড অর্জন করেছে মাদ্রাসা। সর্বাধিক সূত্র জানা যায়, উপজেলার ১৮টি বিদ্যালয়ের ৬১৮ জন পরীক্ষার্থীর মধ্যে ২টি জিপি.এ-এসহ পাস করেছে ২৬৭ জন ছাত্র-ছাত্রী। অপরদিকে মাদ্রাসা বোর্ডের অধীন উপজেলার ৬টি দাখিল মাদ্রাসার ৭০ জন পরীক্ষার্থীর মধ্যে ২টি জিপি.এ-এস ও পততাপ্য সফলতা অর্জনসহ পাস করেছে ৫৮ জন ছাত্র-ছাত্রী। সূত্র মতে, দিরাই উচ্চ বিদ্যালয়ের ৮৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১টি জিপি.এ-এসহ পাস করেছে ৬১ জন, দিরাই বালিকা উচ্চ বিদ্যালয়ের ১০৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬০ জন, ফকির মোহাম্মদ আদর্শ উচ্চ বিদ্যালয়ের ৫২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২০ জন, হাতিয়া উচ্চ বিদ্যালয়ের ২১ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬ জন, ব্রজেন্দ্রনাথ আরসি উচ্চ বিদ্যালয়ের ৬০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১৯ জন, রাজধানীর কৃষ্ণচন্দ্র পাবলিক মাধ্যমিক বিদ্যালয়ের ৩৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৭ জন, রক্তনীলয় বাহার উচ্চ বিদ্যালয়ের ৪০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১১ জন, জগদল আল ফারুক উচ্চ বিদ্যালয়ের ৩০ জন পরীক্ষার্থীর মধ্যে ১টি জিপি.এ-এসহ পাস করেছে ১৫ জন, এইচ.এম.পি উচ্চ বিদ্যালয়ের ৩০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১২ জন, রফিনগর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের ১৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫ জন, ধল পাবলিক উচ্চ বিদ্যালয়ের ২৫ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১২ জন, গহিঙ্গা সান্দ্রুদিন-সিকন্দর উচ্চ বিদ্যালয়ের ১০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২ জন, তাকুল উচ্চ বিদ্যালয়ের ৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫ জন, মাতরণগাঁও মোহাম্মদিয়া উচ্চ বিদ্যালয়ের ২১ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৯ জন, আলহাজ্ব আব্দুল ওয়াহাব উচ্চ বিদ্যালয়ের ২২ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ জন, আলহাজ্ব আব্দুল্লাহ উচ্চ বিদ্যালয়ের ১১ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩ জন, আলহাজ্ব আব্দুল মতলিব উচ্চ বিদ্যালয়ের ৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১ জন। অপরদিকে মাদ্রাসা বোর্ডের অধীন উপজেলার হাজী মাহমুদ মিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার ১৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১৭ জন, ধল দাখিল মাদ্রাসার ৭ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫ জন, হায়েবান্দারী শাহজালাল (রহঃ) দাখিল মাদ্রাসার ১০ জন পরীক্ষার্থীর মধ্যে ১টি জিপি.এ-এসহ পাসের হার পততাপ্য অর্জন করেছে, হাতিয়া দাখিল মাদ্রাসার ৯ জন পরীক্ষার্থীর মধ্যে ১টি জিপি.এ-এসহ পাস করেছে ৭ জন, তাতিপাড়া দাখিল মাদ্রাসার ৬ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৩ জন, প্যাথরচর দাখিল মাদ্রাসার ১৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ১০ জন।